

বর্ধমান বিশ্ববিদ্যালয়



রাজবাটী, বর্ধমান-৭১৩১০৪

গুচ্ছ স্বাস্থ্যবিমা প্রকল্প বিভাগ, অর্থ দপ্তর

বিজ্ঞপ্তি

এতদ্বারা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের সকল কর্মচারী এবং গুচ্ছ স্বাস্থ্যবিমা প্রকল্পের আওতাভুক্ত সদস্যদের জানানো যাচ্ছে যে—

- ১। যাঁরা নতুনভাবে গুচ্ছ স্বাস্থ্যবিমা-র সদস্যপদ 'ন্যাশনাল ইনসিওরেন্স কোম্পানি, দুর্গাপুর' বা 'ব্যাঙ্ক অব ইন্ডিয়া'-র মাধ্যমে গ্রহণ করতে ইচ্ছুক অথবা যাঁরা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন কিংবা বন্ধ করাতে চান তাঁদের অবশ্যই আগামী ১৪.০২.২০১৮ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের অর্থ দপ্তরের গুচ্ছ স্বাস্থ্যবিমা বিভাগে জানাতে হবে। অন্যথায় সদস্যগণ বিমা নবীকরণ করতে চান এটা ধরে নিয়েই বিগত বছরের মতো সরাসরি তা নবীকৃত হবে।
- ২। (ক) 'ব্যাঙ্ক অব ইন্ডিয়া'র (ন্যাশনাল ইন্সিওরেন্স কোম্পানি, বর্ধমান) সচেতনতা ক্যাম্প অনুষ্ঠিত হবে ১৯.০১.২০১৮ (দুপুর ১২টা থেকে ১টা) পর্যন্ত কোর্ট রুমে।
(খ) 'ন্যাশনাল ইনসিওরেন্স কোম্পানি, দুর্গাপুর' ~~১৯.০১.২০১৮~~ (দুপুর ১টা থেকে ২টা) একটি সচেতনতা ক্যাম্প অনুষ্ঠিত হবে কোর্ট রুমে।
- ৩। যাঁরা 'ব্যাঙ্ক অব ইন্ডিয়া'-র মাধ্যমে নতুন স্বাস্থ্যবিমা পলিসি করাতে চান তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলে বিশ্ববিদ্যালয়ের অর্থ দপ্তরের গুচ্ছ স্বাস্থ্যবিমা বিভাগে যোগাযোগ করতে হবে।
- ৪। যাঁরা মেডিক্লেম কার্ড পাননি বা সংশোধন, সংযোজন করাতে চান, তাঁদের পার্সপোট ফটো (১ কপি) ও জন্ম তারিখের প্রমাণপত্র সহ গুচ্ছ স্বাস্থ্যবিমা বিভাগে যোগাযোগ করতে হবে।
- ৫। যাঁরা সরাসরি ব্যাঙ্ক অব ইন্ডিয়ার মাধ্যমে স্বাস্থ্যবিমা প্রকল্প গ্রহণ করেছেন এবং বিমা গ্রহণকারী অবসরপ্রাপ্ত কর্মীরা অবশ্যই উক্ত তারিখের মধ্যে বিমা নবীকরণ করবেন। অন্যথায় তাঁদের বিমা ব্যক্তিগত বলে গণ্য হবে এবং বিমা নবীকরণ না হলে আমাদের বিভাগ বা কোম্পানি দায়ী থাকবে না।
- ৬। যে সব অবসরপ্রাপ্ত কর্মী 'ন্যাশনাল ইনসিওরেন্স' কোম্পানি, দুর্গাপুর ব্রাঞ্চের মাধ্যমে পলিসি করেছেন, তাঁর অবশ্যই মেডিক্লেম ইউনিট থেকে প্রিমিয়াম জেনে বি. ইউ. ক্যাশ কাউন্টারে ০২.০৩.২০১৮-এর মধ্যে টাকা জমা করবেন ও ক্যাশ রিসিস্ট-এর কাউন্টার পার্ট অফিসে জমা দিবেন। অন্যথায় পলিসি নিজ দায়িত্বে নবীকরণ করতে হইবে।
- ৭। আগামী ২৪.০১.১৮ ও ২৫.০১.২০১৮ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কর্মীগণ নতুন অ্যাকাউন্ট খোলার ব্যবস্থা করেছেন। ছবি, ভোটার কার্ড, প্যান কার্ড/আধারকার্ড-এর ফটোকপি সহ অর্থ দপ্তরে যোগাযোগ করুন।

স্বাঃ

পার্থনারায়ণ ঘোষ

বিত্ত আধিকারিক এবং আহ্বায়ক, স্বাস্থ্যবিমা প্রকল্প